REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-08-2017
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লীতে কৃষি ক্ষেত্রের দুটি প্রধান যোজনা মৃত্তিকা স্বাস্থ্য কার্ড ও প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অগ্রগতির পর্যালোচনা করেন।

(২) প্রাথমিক শিক্ষকদের শিক্ষণ প্রশিক্ষণ রাজ্য সরকার সব রকমের পদক্ষেপ নিয়েছে বলেছেন শিক্ষামন্ত্রী।

(৩) ADC-র সদর কার্যালয়ের ককবরক লাইব্রেরীতে আজ ককবরক ভাষায় বিভিন্ন বিষয়ের উপর ১৯টি বই প্রকাশিত।
(৪) রাজ্য ভিত্তিক এথলেটিক্স প্রতিযোগিতার তিন দিনের আসরের দ্বিতীয় দিনে আজ ৩০টি বিভিন্ন ক্যাটাগরিতে স্বর্ণ পদকের ফয়সলা হয়।

****

প্রধানমন্ত্রী :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লীতে কৃষি ক্ষেত্রের দুটি প্রধান যোজনা মৃত্তিকা স্বাস্থ্য কার্ড ও প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অগ্রগতির পর্যালোচনা করেন। শ্রী মোদি বলেন, মাটির গুণাগুণের পরিবর্তন পরীক্ষার জন্য নমুনা যন্ত্র ও মাটি পরীক্ষার

গবেষণাগার গুলির যথার্থ পরীক্ষা হওয়া প্রয়োজন। তিনি আরো বলেন, মৃত্তিকা স্বাস্থ্য কার্ড স্থানীয় ভাষায় ছাপা উচিত, যাতে কৃষকরা সহজেই তা পড়তে পারেন। অত্যাধুনিক প্রযুক্তিকে গ্রহণ করতে উৎসাহ দিয়ে তিনি বলেন, মাটির পরীক্ষা হাতে ব্যবহৃত যন্ত্রের মাধ্যমে হওয়া উচিত। তিনি আধিকারিকদের এই লক্ষ্যে ষ্টার্টআপ ও শিল্পদ্যোগীদের যুক্ত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। পর্যালোচনা বৈঠকে প্রধানমন্ত্রীকে জানানো হয়, ১৬টি রাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলে মৃত্তিকা স্বাস্থ্যকার্ড প্রদানের প্রথম পর্যায়ের কাজ শেষ হয়েছে। বাকী রাজ্য গুলিতে কয়েক সপ্তাহের মধ্যেই এই কাজ শেষ করার সম্ভাবনা রয়েছে।

****

শিক্ষক প্রশিক্ষণ :

শিক্ষকদের গুনগত প্রশিক্ষণ দেয়া নিয়ে রাজ্য সরকারের ভূমিকায় ক্ষোভ ব্যক্ত করেছেন বিধায়ক রতন লাল নাথ। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, সারা দেশের সাথে রাজ্যের শিক্ষকদের গুনগত প্রশিক্ষণ দেওয়ার জন্য বলেছে কেন্দ্রীয় সরকার। এই ব্যাপারে রাজ্যের জন্য একজন নোডাল অফিসারও নিয়োগ করা হয়েছে। কিন্তু রাজ্য সরকার নির্দিষ্ট সময়ের মধ্যে এই ব্যাপারে যথাযথ উদ্যোগ নেয় নি বলে তিনি অভিযোগ করেন। অবিলম্বে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি দাবী জানিয়েছেন। এব্যাপারে এক প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী জানান, বিষয়টি সম্পূর্ণভাবে প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের ব্যাপার। সংশ্লিষ্ট সবাইকে শিক্ষক শিক্ষণ প্রশিক্ষণ দিতে

রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছে। এনিয়ে দুশ্চিন্তার কোন কারণ নেই বলে শিক্ষামন্ত্রী জানান।

এদিকে, বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, শিক্ষা অধিকার আইনের নতুন সংশোধনী অনুযায়ী সারা দেশে প্রাথমিক শিক্ষক স্তর শিক্ষক শিক্ষণ প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক এবং ২০১৯ এর পয়লা এপ্রিলের মধ্যে এই প্রশিক্ষণ না নিলে শিক্ষক হিসেবে নিযুক্তি বাতিল হয়ে যাবে। একারণে, রাজ্য সরকারগুলিকে সব রকেমর পদক্ষেপ নিতে বলেছে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক। কেন্দ্রীয় মন্ত্রক এজন্য ন্যাশনাল ইন্সিটিউট অব ওপেন স্কুলিং-এর মাধ্যমে একটি অন লাইন প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। শিক্ষা দপ্তরের বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, এজন্য রাজ্যে শিক্ষা দপ্তর ড. পীযুষ প্রসাদকে নোডাল অফিসার হিসেবে নিযুক্ত করেছে।

****

ককবরক বই প্রকাশ :

ADC-র সদর কার্যালয় খুমুলুং-এর ককবরক লাইব্রেরীতে আজ এক অনুষ্ঠানে ককবরক ভাষায় বিভিন্ন বিষয়ের উপর ১৯টি বই প্রকাশিত হয়। ADC-র মুখ্য কার্য নির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা এবং শিক্ষা দপ্তরের কার্য নির্বাহী সদস্য রাজেন্দ্র রিয়াং বই গুলির আবরণ উন্মোচন করেন। একই অনুষ্ঠানে দশদিনব্যাপী ককবরক পরিভাষা নিয়ে এক কর্মশালা শুরু হয়েছে। এতে ১৫ জন লেখক অংশ নেনে। অনুষ্ঠানে রাধাচরণ দেববর্মা ককবরক-

সহ অন্যান্য উপজাতি গোষ্ঠীর মাতৃভাষার উন্নয়নে সরকারের পাশাপাশি, বেসরকারী সামাজিক সংস্থাকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে পৌরহিত্য করেন ADC–র শিক্ষা কার্য্য নির্বাহী সদস্য রাজেন্দ্র রিয়াং।

****

ম্যালেরিয়া–মৃত্যু :

ধলাই জেলার কুলাই হাসপাতালে আজ ম্যালেরিয়ায় ১৩ বছরের এক কিশোরীর মৃত্যু হয়। নিহত কিশোরীর বাড়ি কুলাই এলাকায়। ধলাই জেলা হাসপাতাল থেকে একটি মেডিক্যাল টিমকে আজই কুলাই এলাকায় পাঠানো হয়েছে। আগামীকাল থেকে ঐ এলাকার লোকজনদের রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হবে বলে স্বাস্থ্য দপ্তর সুত্রে জানা গেছে।

****

পাট্টা বিতরন :

কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ভূমিহীন সাতানব্বইটি পরিবারকে জমির পাট্টা বিতরন করা হয়। কুমারঘাটের SDM জে.ভি.দোয়াতি জানান, ফটিকরায়, কাঞ্চনবাড়ি ও কুমারঘাট তহশীলের অন্তর্গত ভূমিহীন পরিবার গুলিকে খাস জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে। আজকের পাট্টা বিতরন অনুষ্ঠানে বিধায়ক সমীরন মালাকার, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জয় ভট্টাচার্য, BCA’র চেয়ারম্যান চন্দ্রমণি দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। শহর এলাকার জমির পাট্টা

প্রাপকরা দুই গন্ডা ও গ্রামীন এলাকার নাগরিকরা তিন গন্ডা করে ভূমি বন্দোবস্ত পেয়েছেন বলে SDM জানান।

****

দ্বারোদ্ঘাটন :

পানিসাগর মহকুমার রৌয়া পঞ্চায়েত ও তহশিলের নব নির্মিত পাকা বাড়ির আজ দ্বারোদ্ঘাটন করেন বিধায়ক সুবোধ দাস।

দু`টি ভবন নির্মানে মোট ব্যয় হয়েছে বাইশ লক্ষ তিপান্ন হাজার টাকা।

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস, মহকুমা শাসক শুভাশীস ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

****

বি জে পি :

বি জে পির ডাকে আজ রাজ্যের সবকয়টি মন্ডলে বিক্ষোভ সভা অনুষ্ঠিত হয়। স্বাধীনতা দিবসে মুখ্যমন্ত্রীর ভাষণের প্রতিবাদে এই বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

****

জীবনাবসান :

কৈলাশহরের বিশিষ্ট কংগ্রেস নেতা, লক্ষ্মীপুর পঞ্চায়েতের প্রাক্তন উপ প্রধান হারুন মিঞার জীবনাবসান হয়েছে। গতকাল সন্ধ্যায়

আকস্মিক হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যু কালে তার বয়স হয়েছিল আট চল্লিশ বছর। P.C.C'র সাধারন সম্পাদক রুদ্রেন্দু ভট্টাচার্য, সম্পাদক অহিদুজ্জমান প্রয়াত হারুন মিঞার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন।

****

রাষ্ট্রপতি :

রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ আজ লাদাখে স্কাউট রেজিমেন্টকে প্রেসিডেন্সেস কালার প্রদান করেন। আজ লেহতে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ রেজিমেন্টের ৬১১ জন সেনা আধিকারিককে বীরতা এবং বিশিষ্ট সেবা পুরস্কার প্রদান করেন। আজ ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে রাষ্ট্রপতিকে সর্বোচ্চ অভিবাদন জানিয়ে প্যারেড প্রদর্শিত হয়। এখানে লাদাখের রাজ্যপাল, জম্মু কাশ্মীরের মুখ্যমন্ত্রী-সহ বিশিষ্ট সেনা অধিকারিকরাও উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি মহাবোধি আন্তর্জাতিক মেডিটেশন সেন্টারে বুদ্ধ পার্কেরও উদ্বোধন করেন।

****

BJP, Meeting :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং BJP সভাপতি অমিত শাহ আজ BJP শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীদের সঙ্গে উন্নয়ন

ও সমাজ কল্যাণ বিষয়ে বৈঠকে বসেছেন। বৈঠকে কয়েকজন ক্যাবিনেট মন্ত্রীও উপস্থিত রয়েছেন। বিভিন্ন রাজ্যে কেন্দ্রের ফ্ল্যাগশীপ প্রকল্পের রূপায়ণ ও উন্নয়নমূলক কাজকর্মের বিষয়ে বৈঠকে আলোচনা হচ্ছে। আগামী ২০১৯ সালের লোকসভা নির্বাচনের কৌশল নিয়েও বৈঠকে আলোচনা হতে পারে। মুখ্যমন্ত্রীরাও সংশ্লিষ্ট রাজ্যে গৃহীত প্রকল্প ও মডেলগুলি এখানে তুলে ধরবেন। কেন্দ্রে BJP ক্ষমতা আসার পর প্রধানমন্ত্রী তৃতীয়বার এই ধরনের বৈঠক করছেন।

****

এন এফ রেলওয়ে :

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের তিন সপ্তাহব্যাপী ক্যাটারিং পরিদর্শন অভিযানকালে ৩৪২ জন অনুমোদনহীন ভেন্ডারকে চিহ্নিত করে গ্রেপ্তার করা হয়। তারমধ্যে ২০৭ জনকে বিচার বিভাগীয় হেপাজতে নেয়া হয়। গত পয়লা আগষ্ট থেকে এই অভিযান শুরু হয়েছিল। ক্যাটারিং পরিদর্শন অভিযানকালে পয়লা আগষ্ট থেকে ১৫ই আগষ্ট সময়ের মধ্যে ১০ লক্ষ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক প্রণব জ্যোতি শর্মা আজ এখবর জানান। তিনি জানান, প্যান্ট্রিকারে পরিচ্ছন্নতা বজায় রাখা, স্বাস্থ্যবিধি মেনে চলা, বৈদ্যুতিক ও যান্ত্রিক ত্রুটির সংশোধনের জন্য ডিভিশনগুলিকে নির্দেশ দেয়া হয়েছে। তাছাড়া, ক্যাটারিং পরিষেবার প্রতি সবসময় নজরদারির জন্য ফিল্ড ইউনিটগুলিকে নির্দেশ দেয়া হয়েছে।

****

নাট্য উৎসব-উদয়পুর :

নাটকের মধ্য দিয়ে সম্প্রীতির ঐক্য সুদৃঢ় হয়। সংস্কৃতির মিলন ঘটে। তিনদিনব্যাপী উদয়পুর মহকুমা ভিত্তিক নাট্য উৎসবের উদ্বোধন করে এই মন্তব্য করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান সুব্রত দেব। তথ্য ও সংস্কৃতি দপ্তর ও শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই আসরে উদয়পুরের ১০টি স্কুলের নাট্য দল অংশ নিয়েছে। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন মহকুমা শাসক শুভাশীষ বন্দোপাধ্যায়। উদ্বোধনী দিনে নাটক মঞ্চস্থ করে উদয়পুর রমেশ স্কুলের 'দিনসন্ধি'।

****

প্রশিক্ষণ শিবির :

গ্রামীণ বেকার যুবতী এবং মহিলাদের স্বাবলম্বী করার পাশাপাশি অর্থনৈতিক বিকাশের লক্ষ্যে ১৩ দিনব্যাপী 'Soft Toys Maker and Seller' বিষয়ক প্রশিক্ষণ শিবির করল ধলাই জেলা ইউনাইটেড গ্রামীণ স্ব-নিযুক্তি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। ধলাই জেলা সদর আমবাসা মহকুমার সাধু টিলায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে আজ সমাপ্তি দিনে জেলা শাসক বিকাশ সিং বক্তব্য রাখেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের ডিরেক্টর স্বপন কুমার বর্মন, ফেকাল্টি অরিন্দম রায়-সহ আরো অনেকে। ধলাই জেলার বিভিন্ন প্রান্ত থেকে মোট ৩২ জন বেকার যুবতী, মহিলা এই শিবিরে অংশ গ্রহণ করেন।

****

এথলেটিক্স :

রাজ্য ভিত্তিক এথলেটিক্স প্রতিযোগিতার তিন দিনের আসরের দ্বিতীয় দিনে আজ ৩০টি বিভিন্ন ক্যাটাগরিতে স্বর্ণ পদকের ফয়সলা হয়। বাধারঘাটের দশরথ দেব স্টেডিয়ামে তিনদিনের এই আসর আগামীকাল শেষ হচ্ছে। আসরে ৮টি জেলা দল ও তিনটি ইউনিটের খেলোয়াররা অংশ নিয়েছে।

****

খোয়াই ক্রীড়া :

আজ খোয়াই টাউন হলে খোয়াই পঞ্চায়েত সমিতি এবং খোয়াই জেলা যুব ক্রীড়া দপ্তরের উদ্যোগে জেলার বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থা ও বিদ্যালয় গুলিতে ফুটবল, ভলিবল, যোগা সামগ্রী প্রদান করা হয়। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ২৮ হাজার টাকা। এছাড়াও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতায় বিভিন্ন ইভেন্টে বিজয়ী ১৩৩ জন খেলোয়াড়কে ১২০০ টাকা করে চেক প্রদান করা হয়। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ দত্ত, খোয়াই জিলা সহ-সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য্য, জেলা ক্রীড়া ও যুব দপ্তরের সহ-অধিকর্তা দেবাশীষ ভট্টাচার্য্য।

****

ফুটবল :

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন ফুটবলের বীরেন্দ্র ক্লাব ও নবোদয় সংঘের আজকের খেলাটি ড্র হয়েছে। আস্তাবলের স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত খেলাটি ৩–৩ গোলে শেষ হয়। বীরেন্দ্র ক্লাবে`র পক্ষে বিদ্যা চরন জমাতিয়া, প্রভাত সাধন জমাতিয়া ও কুচুং জমাতিয়া এবং নবোদয় সংঘের সহদেব দেববর্মা, বনবীর কলই ও স্বর্ণ কুমার দেববর্মা গোল করে।

****

আবহাওয়া :

আগামী ২৪ ঘন্টায় আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের তাপমাত্রা ছিল সর্বোচ্চ ৩৪ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রী সেলসিয়াস।

****